

।। এপিজে – ই-ম্যাগাজিন ।।

কিশোর এবং তরুণ মনের আত্মপ্রকাশের জন্য দেওয়াল-পত্রিকা, বিদ্যালয়-পত্রিকার পাশাপাশি আজ ইলেক্ট্রনিক মিডিয়ার যুগে ই-ম্যাগাজিন প্রকাশ পেয়েছে। সব ক্ষেত্রে অগ্রণী ভূমিকা গ্রহণকারী এপিজে স্কুলও তাই আজ আপনাদের সামনে তার ই-ম্যাগাজিন ই-মন। নিয়ে হাজির হয়েছে। এ শুধু আগমন নয়, আবির্ভাব। আপনাদের সকলের সক্রিয় সহযোগিতা এ পত্রিকার সমৃদ্ধি ঘটবে। শুধু সাহিত্য চর্চা নয়, আমাদের সৃষ্টিশীল প্রতিভার যাবতীয় প্রয়াস; যেমন জাতীয় ও আন্তর্জাতিক নানা সমস্যা, ইতিহাস, ভূগোল, বিজ্ঞান, ইতিহাস-সংরক্ষণ, প্রাকৃতিক ভারসাম্য রক্ষা, পরিবেশ দূষণ ও সবুজায়ন সংক্রান্ত যাবতীয় চিন্তাভাবনা এই পত্রিকায় স্থান পাবে। এর পাশাপাশি থাকবে বিদ্যালয়ের যাবতীয় সংবাদ, গান-বাজনা, নাটক-চলচ্চিত্র প্রভৃতি বিষয়ের খবরাখবর, ছবি ও ফটোগ্রাফি এই পত্রিকাতে সমৃদ্ধ করবে আমাদের সঙ্গে অংশগ্রহণের জন্য আপনাদের সকলকে সাদর আমন্ত্রণ জানাই। সকলের সম্মিলিত প্রয়াসেই এর সার্থকতা। ফেসবুকে আপনারা মতামত পাঠান। আমাদের অনিচ্ছাকৃত ভুল-ত্রুটি পাঠকেরা আশাকরি ক্ষমা করবেন।